



সিজিকেএফ ট্রেডিং কোম্পানি লিমিটেড

বাংলাদেশ কোস্ট গার্ড এর ব্যবস্থাপনায় পরিচালিত

প্লট-১২/বি, ব্লক-ই, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ই-মেইল : cgkftcl@gmail.com, cgkftcl@coastguard.gov.bd

৪৪.০৮.২৬৮০.০৪০.৮৩.০০২.২৪.২১২

তারিখ: ৩০/০৬/২৪

কমার্শিয়াল অফিসার নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ কোস্ট গার্ড কল্যাণ ফাউন্ডেশন ট্রেডিং কোম্পানি লিমিটেডের ব্যবসায়িক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে ০১ জন নৌবাহিনীর অবসরপ্রাপ্ত জেসিও/পিও/লিডিং সমমান পদবির ব্যক্তিকে কমার্শিয়াল অফিসার হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। নিয়োগের শর্তসমূহ নিম্নরূপঃ

ক। নিয়োগকাল। প্রাথমিকভাবে ০৬ (ছয়) মাস এর জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। পরবর্তীতে কর্মদক্ষতার উপর ভিত্তি করে নিয়োগকাল বর্ধিত করা হবে।

খ। অভিজ্ঞতা। বাংলাদেশ কোস্ট গার্ড, বাংলাদেশ নৌবাহিনী অথবা যে কোন সুনামধন্য প্রতিষ্ঠানে/সরকারি বিধিবিধানের আলোকে ক্রয়-বিক্রয়সহ দাপ্তরিক কাজে ন্যূনতম ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

গ। শিক্ষাগত যোগ্যতা। ন্যূনতম এইচ এস সি পাশ।

ঘ। বয়স। অনূর্ধ্ব ৫৫ বৎসর।

ঙ। কম্পিউটার দক্ষতা। বাংলা ও ইংরেজি টাইপিং এর অভিজ্ঞতাসহ কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।

চ। বেতন ভাতাসহ অন্যান্য সুবিধাদি। বেতন ভাতাসহ অন্যান্য সুযোগ সুবিধাদি আলোচনা সাপেক্ষে নির্ধারিত হবে।

২। আগ্রহী প্রার্থীগণকে আগামী ০৩ জুলাই ২০২৪ সকাল ১০০০ ঘটিকার মধ্যে চাহিদাকৃত নথি পত্রাদি/অভিজ্ঞতার স্বপক্ষে দলিল পত্রাদিসহ সিজিকেএফ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর কার্যালয়ে স্বশরীরে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

এম নাজমুল করিম কিছলু
কমডোর বিএন (অবঃ)
পর্যদ সভাপতি

বিতরণঃ

১। ওয়েব সাইট, বাংলাদেশ কোস্ট গার্ড।

২। নোটিশ বোর্ড, সিজিকেএফ ট্রেডিং কোম্পানি লিমিটেড, কোস্ট গার্ড সদর দপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। নোটিশ বোর্ড, বাংলাদেশ কোস্ট গার্ড সদর দপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।